CREDIT OF RIGHTS ENTITLEMENTS IN DEMAT ACCOUNTS OF ELIGIBLE EQUITY SHAREHOLDERS

In accordance with Regulation 77A of the SEBI ICDR Regulations read with the SEBI ICDR Master Circular, the credit of Rights Entitlements and Allotment of Equity Shares shall be made in dematerialized form only. Prior to the Issue Opening Date, our Company shall credit the Rights Entitlements to (i) the demat accounts of the Eligible Equity Shareholders holding the Equity Shares in dematerialised form; and (ii) a demat suspense escrow account (namely, **"KSHITIJ POLYLINE LIMITED-SUSPENSE ESCROW DEMAT ACCOUNT"**) opened by our Company, for the Eligible Equity Shareholders which would comprise Rights Entitlements relating to (a) held by Eligible Equity Shareholders which are held in physical form as on Record Date; or (b) which are held in the account of the Investor Education and Protection Fund ("IEPF") authority; or (c) of the Eligible Equity Shareholder whose demat accounts are frozen or where the Equity Shares are lying in the unclaimed / suspense escrow account / demat suspense account (including those pursuant to Regulation 39 of the SEBI LODR Regulations) or details of which are unavailable with our Company or with the Registrar on the Record Date or where Equity Shares have been kept in abeyance or where entitlement certificate has been issued or where instruction has been issued for stopping issue or transfer or where letter of confirmation lying in escrow account; or (d) where credit of the Rights Entitlements have returned/reversed/failed for any reason; or (e) where ownership is currently under dispute, including any court or regulatory proceedings or where legal notices have been issued, if any or (f) such other cases where our Company is unable to credit Rights Entitlements for any other reasons.

Eligible Equity Shareholders are requested to provide relevant details / documents as acceptable to our Company or the Registrar (such as applicable regulatory approvals, self-attested PAN and client master sheet of demat account, details/ records confirming the legal and beneficial ownership of their respective Equity Shares, etc.) to our Company or the Registrar no later than two clear Working Days prior to the Issue Closing Date, i.e., by Tuesday, September 1, 2026, to enable credit of their Rights Entitlements by way of transfer from the Demat Suspense Account to their demat account at least one day before the Issue Closing Date, to enable such Eligible Equity Shareholders to make an application in this Issue, and this communication shall serve as an intimation to such Eligible Equity Shareholders in this regard. Such Eligible Equity Shareholders are also requested to ensure that their demat account, details of which have been provided to our Company or the Registrar account is active to facilitate the aforementioned transfer.

NO OFFER IN THE UNITED STATES

THE RIGHTS ENTITLEMENTS AND THE RIGHTS EQUITY SHARES HAVE NOT BEEN, AND WILL NOT BE, REGISTERED UNDER THE UNITED STATES SECURITIES ACT OF 1933, AS AMENDED (THE "U.S. SECURITIES ACT") AND MAY NOT BE OFFERED OR SOLD WITHIN THE UNITED STATES, EXCEPT PURSUANT TO AN EXEMPTION FROM, OR IN A TRANSACTION NOT SUBJECT TO, THE REGISTRATION REQUIREMENTS OF THE U.S. SECURITIES ACT AND APPLICABLE STATE SECURITIES LAWS. ACCORDINGLY, THE RIGHTS EQUITY SHARES ARE ONLY BEING OFFERED AND SOLD IN "OFFSHORE TRANSACTIONS" AS DEFINED IN, AND IN RELIANCE ON, REGULATION S UNDER THE U.S. SECURITIES ACT TO ELIGIBLE EQUITY SHAREHOLDERS, LOCATED IN JURISDICTIONS WHERE SUCH OFFER AND SALE IS PERMITTED UNDER THE LAWS OF SUCH JURISDICTIONS. THE OFFERING TO WHICH THIS LETTER OF OFFER RELATES IS NOT, AND UNDER NO CIRCUMSTANCES IS TO BE CONSTRUED AS, AN OFFERING OF ANY RIGHTS ENTITLEMENTS OR RIGHTS EQUITY SHARES FOR SALE IN THE UNITED STATES OR AS A SOLICITATION THEREIN OF AN OFFER TO BUY ANY OF THE SAID SECURITIES. ACCORDINGLY, YOU SHOULD NOT FORWARD OR TRANSMIT THIS LETTER OF OFFER INTO THE UNITED STATES AT ANY TIME.

LAST DATE FOR APPLICATION

The last date for submission of the duly filled in the Application Form or a plain paper Application is Friday, September 4, 2026, i.e., Issue Closing Date. If the shareholder makes an application using the application form as well as plain paper, both the applications shall be liable to be rejected at the option of the issuer. Our Board or any committee thereof may extend the said date for such period as it may determine from time to time, subject to the Issue Period not exceeding 30 days from the Issue Opening Date (inclusive of the Issue Opening Date).

If the Application Form is not submitted with an SCSB, uploaded with the Stock Exchanges and the Application Money is not blocked with the SCSB, on or before the Issue Closing Date or such date as may be extended by our Board or any committee thereof, the invitation to offer contained in the Letter of Offer shall be deemed to have been declined and our Board or any committee thereof shall be at liberty to dispose of the Equity Shares hereby offered, as set out in the section entitled "Terms of the Issue - Basis of Allotment" on page 85 of Letter of Offer.

ALLOTMENT OF THE RIGHT EQUITY SHARES IN DEMATERALISED FORM:

Please note that the Rights Equity Shares applied for in this issue can be allotted only in dematerialized form and to the same depository account in which our equity shares are held by such investor on the record date. For details, see "Allotment Advice or Refund/ Unblocking of ASBA Accounts" in the chapter titled "Terms of the Issue" beginning on page 65 of Letter of Offer.

FRACTIONAL ENTITLEMENTS

The Rights Equity Shares are being offered on a rights basis to Eligible Equity Shareholders in the ratio of 2 Equity Shares for every 5 Equity Shares held on the Record Date. As per SEBI Rights Issue Circulars, the fractional entitlements are to be ignored, hence the fractional entitlement of such Eligible Equity Shareholders shall be ignored for computation of the Rights Entitlement. Accordingly, if the shareholding of any of the Eligible Equity Shareholders is less than 5 (Five) Equity Shares or is not in the multiple of 5 (Five) Equity Shares, the fractional entitlements of such Eligible Equity Shareholders shall be ignored by rounding down of their Rights Entitlements. However, the Eligible Equity Shareholders whose fractional entitlements are being ignored, will be given preferential consideration for the Allotment of one additional Rights Security if they apply for additional Rights Equity Shares over and above their Rights Entitlements, if any, subject to availability of Rights Equity Shares in this Issue post allocation towards Rights Entitlements applied for.

INVESTORS MAY PLEASE NOTE THAT THE EQUITY SHARES CAN BE TRADED ON THE STOCK EXCHANGE ONLY IN DEMATERIALIZED MODE:

LISTING

The existing Equity Shares are listed on the National Stock Exchange of India Limited ("NSE" or "Stock Exchange"). Our Company has received 'in-principle' approval from NSE for listing the Rights Equity Shares to be allotted pursuant to this Issue vide its letter NSE/LIST/55119 dated August 12, 2026. Our Company will also make an application to the Stock Exchange(s) to obtain the trading approval for the Rights Entitlements as required under the SEBI circular (SEBI/HO/CFD/DIL2/CIR/P/2020/13) dated January 22, 2020. For the purpose of this Issue, the Designated Stock Exchange is NSE.

DISCLAIMER CLAUSE OF SEBI

The Issue is being made under the new framework for the Rights Issue introduced by SEBI. The Letter of Offer has been filed with SEBI. In terms of the SEBI Regulations, the SEBI shall not issue any Observation on the Letter of Offer. Hence there is no such specific Disclaimer Clause of SEBI.

DISCLAIMER CLAUSE OF NSE

It is to be distinctly understood that the permission given by NSE should not in any way be deemed or construed that the letter of offer has been cleared or approved by NSE nor does it certify the correctness or completeness of any of the contents of the letter of offer. The investors are advised to refer to the letter of offer for the full text of the 'Disclaimer Clause of NSE. The investors are advised to refer to the Letter of Offer for the full text of the 'Disclaimer Clause of NSE' on page nos. 62-63 of the Letter of Offer.

DISPATCH AND AVAILABILITY OF ISSUE MATERIALS:

The Application Form, the Rights Entitlement Letter and other Issue Material are dispatched on Monday, August 24, 2026 to the eligible equity shareholders of the company as on the Record date, Wednesday, August 19, 2026 who have provided an Indian address to the Company. The Eligible Equity Shareholders who have provided their valid e-mail address, the Letter of Offer, the Application Form, the Rights Entitlement Letter and other Issue material are sent to them to their valid e-mail address on Friday, August 21, 2026.

Shareholders can access the Letter of Offer and the Application Form (provided that the Eligible Equity Shareholder is eligible to subscribe for the Equity Shares under applicable laws) on the websites of:

(i) Our Company at www.kshitijpolyline.co.in;
(ii) The Registrar at https://rights.kfintech.com;
(iii) The Stock Exchanges at www.nseindia.com;

Eligible Equity Shareholders, can also obtain the details of their respective Rights Entitlements from the website of the Registrar (i.e., https://rights.kfintech.com) by entering their DP ID and Client ID or folio number (for Eligible Equity Shareholders, who hold Equity Shares in physical form as on Record Date) and PAN. The link for the same shall also be available on the website of our Company at www.kshitijpolyline.co.in)

OTHER IMPORTANT LINKS AND HELPLINE:

The Investors can visit following links for the below-mentioned purposes:

1. Frequently asked questions and online/ electronic dedicated investor helpdesk for guidance on the Application process and resolution of difficulties faced by the Investors: https://rights.kfintech.com. Further, helpline number provided by the Registrar for guidance on the Application process and resolution of difficulties is +91-40-6716-2222/18003094001.
2. Updation of Indian address/ e-mail address/ phone or mobile number in the records maintained by the Registrar or our Company: https://rights.kfintech.com
3. Updation of demat account details by Eligible Equity Shareholders holding shares in physical form: https://rights.kfintech.com
4. Submission of self-attested PAN, client master sheet and demat account details by non-resident Eligible Equity Shareholders: kshitij.rights@kfintech.com

Investors are advised to contact the Registrar to the Issue or our Company Secretary and Compliance Officer for any pre- Issue or post-Issue related problems such as non-receipt of Letter of Offer/ Application Form and Rights Entitlement Letter/ Letter of Allotment, Split Application Forms, Share Certificate(s) or Refund Orders, etc. All grievances relating to the ASBA process may be addressed to the Registrar to the Issue, with a copy to the SCSBs, giving full details such as name, address of the applicant, ASBA Account number and the Designated Branch of the SCSBs, number of Equity Shares applied for, amount blocked, where the Application Form and Rights Entitlement Letter or the plain paper application, in case of Eligible Equity Shareholder, was submitted by the ASBA Investors through ASBA process. , see "Terms of the Issue" beginning on page 65 of the LOF.

BANKER TO THE ISSUE AND REFUND BANK: AXIS BANK LIMITED
MONITORING AGENCY: BRICKWORK RATINGS INDIA PRIVATE LIMITED
FOR RISK FACTORS AND OTHER DETAILS, KINDLY REFER TO THE LETTER OF OFFER

REGISTRAR TO THE ISSUE

KFINTECH

KFIN TECHNOLOGIES LIMITED

Address: Selenium Tower-B, Plot No. 31-32, Gachibowli, Financial District, Nanakramguda, Serilingampally, Hyderabad, Telangana – 500 032
Tel: +91-40-6716-2222/18003094001;
Email ID: kshitij.rights@kfintech.com
Website: https://rights.kfintech.com
Investors Grievance E-mail: einward.ris@kfintech.com
Contact Person: Mr. M Murali Krishna
SEBI Registration Number: INR000000221
CIN: L72400MH2017PLC444072
Validity of Registration: Permanent

For Kshitij Polyline Limited
Sd/-
Nikita Dhaval Mehta
Company Secretary and Compliance Officer

Date: August 22, 2026
Place: Mumbai

Our Company is proposing subject to market conditions and other considerations, a right Issue of its Equity Shares and has in this regard filed a Letter of Offer dated August 18, 2026, and subsequently revised through Corrigendum dated August 20, 2026 and revised Letter of Offer dated August 20, 2026 with SEBI and Stock Exchange. The LOF is available on the website of SEBI at www.sebi.gov.in, the Stock Exchange i.e. NSE at www.nseindia.com and on the website of Registrar i.e. https://rights.kfintech.com. Investors should note that Investment in equity shares involves a degree or risk and for details relating to the same, please see the section entitled "Risk Factors" on page 20 of the LOF.

The announcement does not constitute an offer of Right Entitlements of Right Equity Shares for sale in any Jurisdiction, including the United States and any Rights Entitlements and Right Equity Shares described in these announcements may not be offered or sold in the United States absent registration under the Securities Act or an exemption from registration. There will be no public offering of Right Equity Shares in the United States.

গাজলে অন্নপূর্ণা ভাণ্ডার-কাণ্ড

বধূর আত্মহত্যার পিছনে ষড়যন্ত্রের অভিযোগে ধৃত স্বামী

নিজস্ব প্রতিবেদন, মালদা: গাজলের গৃহবধূ আত্মঘাতী হওয়ার পিছনে তার স্বামীর ষড়যন্ত্র রয়েছে বলে অভিযোগ। আর এই ঘটনায় মৃত মহিলার স্বামীকে অবশেষে গ্রেপ্তার করল পুলিশ। অন্নপূর্ণা যোজনা প্রকল্পের টাকা না মেলায় হতাশাগ্রস্থ হয়ে আত্মহত্যা করেছিল গাজল থানার বাচাহার গ্রামের গৃহবধূ অনিতা খাতুন (৩২)। এনিয়ে মৃতের এক আত্মীয় এবং এলাকার নির্বাচিত তৃণমূল দলের পঞ্চায়েত সদস্য পর্যন্ত দাবি করেছিলেন। কিন্তু ঘটনার ২৪ ঘন্টার পরে রবিবার বেলা সাড়ে বারোটা নাগাদ পুলিশ সুপার অনুপম সিং-এর পক্ষ থেকে একটি বিজ্ঞপ্তি জারি করে অনিতার স্বামী ইনজামামুল হককে গ্রেপ্তারের কথা জানানো হয়। রবিবার ধৃতকে মালদা আদালতে পেশ করে পুলিশ। তাকে ছয় দিনের পুলিশি হেপাজতে পাঠানোর নির্দেশ দিয়েছে বিচারক। পুলিশ জানিয়েছে, মৃত অনিতার এক ভাই আনিসুর আলম পুলিশকে এই আত্মহত্যার ঘটনায় তার জামাইবাবু ইনজামামুল হকের বিরুদ্ধে লিখিত অভিযোগ জানিয়েছেন। সেখানে আত্মহত্যার প্ররোচনা ও বধূ নির্যাতনের অভিযোগ রয়েছে। নিজের অপরাধ থেকে বাঁচতেই মৃত মহিলার স্বামী ইনজামামুল হক এই অন্নপূর্ণা প্রকল্পের টাকা না পাওয়ার একটি গল্প ফাঁদে। যেটা মুহূর্তের মধ্যে গোটা গ্রামের চাউর হয়ে যায়। কিন্তু নিজের অপরাধ পরে ধরা পড়ে। এরপরই তাকে শনিবার রাতেই গ্রেপ্তার করা হয়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শনিবার সকালেই গাজোল থানার করকচ গ্রাম পঞ্চায়েতের বাচাহার গ্রামের শ্বশুরবাড়িতেই শোবার ঘরে গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হন অনিতা। মৃত গৃহবধুর বাবার বাড়ি গাজলের ইচাহার এলাকায়। এই আত্মহত্যার ঘটনার পর মৃতের এক দেওর সামিরুল রহমান এবং করকচ গ্রাম পঞ্চায়েত তৃণমূল দলের নির্বাচিত সদস্য তথা ওই মহিলার প্রতিবেশী মোসারেকুল আনোয়ার মালদা মেডিকেল কলেজের মর্গের সামনে অভিযোগ করেছিলেন, গত তিন মাস ধরে অন্নপূর্ণা যোজনা প্রকল্পের টাকা না পাওয়ায় হতাশাগ্রস্ত হয়েই স্বামীর সঙ্গে ঝগড়া করে আত্মহত্যা করে অনিতা। চরম অভাবের সংসার রয়েছে তাদের। আশেপাশের পরিবারের মহিলারা এই প্রকল্পের টাকা পেলেও বঞ্চিত ছিল অনিতা। ফলে স্বামীকে আবেদনপত্রে ভুলভাল করার দোষারোপ করেই নাকি আত্মহত্যা করেন ওই গৃহবধূ। পুলিশ জানিয়েছে, ধৃত ইনজামামুল হকের বিরুদ্ধেই তার স্ত্রীকে নির্যাতনের অভিযোগ রয়েছে। ঘটনার দিন ধৃত ইনজামামুল হক তার স্ত্রীর বাবার বাড়ির লোকেদের ফোন করেই এই আত্মহত্যার ঘটনার কথা জানিয়েছিল। পুলিশের এই অভিযোগের বিষয়ে অবশ্য মৃত গৃহবধুর শ্বশুরবাড়ির পরিবারে লোকেরা মুখে কুলুপ এঁটেছে। যারা অনিতার মৃত্যুর ঘটনার পর প্রকাশ্যেই অন্নপূর্ণা প্রকল্পের টাকা না পাওয়ার দাবি করেছিলেন। তাঁরা রবিবার নতুন করে আর কোনও মন্তব্য করেন নি।

প্রাথমিক তদন্তের পর পুলিশ জানিয়েছে, ধৃত ইনজামামুল হক এই অপরাধ থেকে বাঁচতেই নিজেই মনগড়া একটি এই অন্নপূর্ণা ভাতা না পাওয়ার গল্প তৈরি করেছিল। যেটা নিজের থেকে রটানো হয়েছিল। ধৃতকে পুলিশি হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করা হয়েছে।

পথদুর্ঘটনায় মৃত দুই শ্রমিক, বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: ১৯ নম্বর জাতীয় সড়কে ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত দুই ঠিকা শ্রমিকের ক্ষতিপূরণ নিয়ে টালবাহানার অভিযোগে দুর্গাপুর মহকুমা হাসপাতালের সামনে তুমুল বিক্ষোভ দেখালেন মৃতদের পরিবার-পরিজন ও সহকর্মীরা। রবিবার সকালে ঠিকাদারি সংস্থার এক ম্যানেজারকে ঘিরে ধরে বিক্ষোভ দেখানো হলে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। শনিবার কাঁকসার রাজবাঁধের কাছে ১৯ নম্বর জাতীয় সড়কে কাজ চলাকালীন ঠিকা শ্রমিকদের একটি দলকে দ্রুতগতির কনটেনার ধাক্কা মারে। ঘটনায় মৃত্যু হয় দুই শ্রমিকের। গুরুতর জখম অবস্থায় আরও চার শ্রমিক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন বলে জানা গিয়েছে। অভিযোগ, দুর্ঘটনায় মৃত শ্রমিকদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার বিষয়ে ঠিকাদারি সংস্থার কর্তৃপক্ষ টালবাহানা করছে। রবিবার সকালে সংস্থার ম্যানেজার মৃতদের পরিবারকে এক লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার কথা জানালে ক্ষোভে ফেটে পড়েন পরিবারের সদস্য ও সহকর্মীরা। তাঁরা দাবি করেন, মৃত শ্রমিকদের পরিবারের অন্তত একজনকে চাকরি এবং ২৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হবে। দাবি পূরণ না হওয়া পর্যন্ত হাসপাতালের মর্গ থেকে মৃতদেহ নেওয়া হবে না বলেও সাফ জানিয়ে দেন তাঁরা। বিক্ষোভের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদের পরিবারের সঙ্গে কথা বলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। যদিও নিজেদের দাবিতে অনড় থাকেন আন্দোলনকারীরা। অন্যদিকে, ঠিকাদারি সংস্থার ম্যানেজারের দাবি, মৃত শ্রমিকদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হবে। তবে ক্ষতিপূরণের পরিমাণ কর্তৃপক্ষই ঠিক করবে। এদিকে, দাবি পূরণ না হওয়া পর্যন্ত মৃত দুই শ্রমিকের দেহ মর্গেই থাকবে বলে জানিয়ে দিয়েছেন পরিবার ও সহকর্মীরা।

ফের গ্রেপ্তার তারকেশ্বর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদন, হুগলি: জমি জালিয়াতি, হুমকি, বন্দুক নিয়ে ভয় দেখানো-সহ একাধিক অভিযোগে সপ্তাহ দেড়েক আগে গ্রেপ্তার হন উত্তম কুণ্ডু। ফের গ্রেপ্তার তারকেশ্বর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান উত্তম কুণ্ডু। যদিও পরের দিনই জামিন পান। ফের তারকেশ্বর থানার পুলিশের হাতে গ্রেপ্তার হলেন। শনিবার রাতে কলকাতা থেকে গ্রেপ্তার করা হয় উত্তম কুণ্ডুকে। রবিবার তাঁকে চন্দননগর মহকুমা আদালতে তোলা হয়। কলকাতার এক ব্যবসায়ীর অভিযোগের ভিত্তিতে গত ১২ অগস্ট উত্তম কুণ্ডুকে গ্রেপ্তার করা হয়েছিল। কলকাতার ব্যবসায়ীর থেকে তোলা আদায়, জমিয়ে হাতিয়ে নেওয়া এবং খুনের হুমকির অভিযোগে গত বুধবার কলকাতা থেকে গ্রেপ্তার হন তারকেশ্বর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান উত্তম কুণ্ডু। বৃহস্পতিবার তাঁকে আদালতে পেশ করা হলে জামিনে মুক্তিও পেয়ে যান। তবে নতুন করে তাঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয় তারকেশ্বর থানায়।

শনিবার রাতে কলকাতা থেকে তাঁকে গ্রেপ্তার করেছে তারকেশ্বর থানার পুলিশ। অন্যদিকে, আবার বিজেপির প্রবীণ নেতা তথা আরামবাগ সাংগঠনিক জেলার সহ-সভাপতি গণেশ চক্রবর্তী তারকেশ্বর থানায় অভিযোগ দায়ের করেন। শনিবার রাতে তাঁকে গ্রেপ্তার করা হয়।

রায়নার দুই কলেজের সভাপতি নিযুক্ত বিধায়ক সুভাষ পাত্র

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: রায়না বিধানসভা এলাকার দুটি গুরুত্বপূর্ণ কলেজের গভর্নিং বডির সভাপতি হিসেবে নিযুক্ত হলেন রায়নার বিধায়ক সুভাষ পাত্র। শ্যামসুন্দর কলেজ এবং গোতান আচার্য সুকুমার সেন কলেজের এই গুরুত্বপূর্ণ দায়িত্ব পাওয়ার পর তাঁকে শুভেচ্ছা ও অভিনন্দনে ভরিয়ে দেন দলীয় কর্মী-সমর্থকরা। এই দায়িত্ব অর্পণের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং শিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন বিধায়ক সুভাষ পাত্র। তিনি বলেন, 'আমার উপর যে আস্থা ও বিশ্বাস রেখে এই দায়িত্ব দেওয়া হয়েছে, তার মর্যাদা রাখার চেষ্টা করব। কলেজের শিক্ষা ব্যবস্থা, পরিকাঠামো এবং সার্বিক উন্নয়নের জন্য নিষ্ঠার সঙ্গে কাজ করব।' এই আনন্দে রায়না বিধানসভার তিন নম্বর মণ্ডল বিজেপির পক্ষ থেকে শ্যামসুন্দর বিজেপি কার্যালয়ে বিধায়ক সুভাষ পাত্রকে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মণ্ডল সভাপতি মানস দাঁ, বিধায়ক প্রতিনিধি গৌতম ব্যানার্জি, শ্যামসুন্দর অঞ্চলের একমাত্র বিজেপি পঞ্চায়েত সদস্য খোকন ভট্টাচার্য সহ অন্যান্য বিজেপি নেতৃত্ব ও কর্মীরা। সংবর্ধনা গ্রহণ করে সুভাষ পাত্র বলেন, 'এই সম্মান আমাকে আগামী দিনে আরও বেশি কাজ করার শক্তি জোগাবে। শিক্ষাক্ষেত্রে উন্নয়নকে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। কলেজগুলিতে শিক্ষার মান বৃদ্ধি, পড়াশোনার সুষ্ঠু পরিবেশ তৈরি এবং বহিরাগতদের দাপাদাপি বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।' তিনি আরও বলেন, 'অধ্যাপক-অধ্যাপিকা, শিক্ষাকর্মী, ছাত্রছাত্রী, অভিভাবক এবং সকলের সহযোগিতা নিয়ে কলেজ দুটিকে আরও উন্নতির পথে এগিয়ে নিয়ে যাওয়াই আমাদের লক্ষ্য।' নতুন দায়িত্ব পাওয়ার পর রায়নার শিক্ষা ব্যবস্থার উন্নয়নে বিধায়কের এই উদ্যোগকে ঘিরে দলীয় কর্মীদের মধ্যে উৎসাহ দেখা দিয়েছে।

জাতীয় সড়কে আগ্নেয়াস্ত্র দেখিয়ে বাইক ছিনতাই

নিজস্ব প্রতিবেদন, রানিগঞ্জ: রানিগঞ্জের পাঞ্জাবি মোড়ে তিন দুষ্কৃতীর তাণ্ডব, রিভলভার ঠেকিয়ে যুবকের পালসার লুট। রাতের অন্ধকারে ব্যস্ত ১৯ নম্বর জাতীয় সড়কের উপর আগ্নেয়াস্ত্র দেখিয়ে এক যুবকের মোটরসাইকেল ছিনতাইয়ের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে রানিগঞ্জের পাঞ্জাবি মোড় সংলগ্ন এলাকায়। অভিযোগ, রিভলভার মাথায় ঠেকিয়ে ভয় দেখিয়ে এক যুবকের পালসার মোটরসাইকেল ছিনিয়ে নিয়ে চম্পট দেয় তিন দুষ্কৃতী। ঘটনার পর আতঙ্কিত হয়ে পড়েন দুর্গাপুরের স্টিল টাউনশিপের বাসিন্দা সঞ্জীব নায়েক। ইতিমধ্যেই রানিগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন তিনি। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। জানা গিয়েছে, ২১ অগস্ট শুক্রবার কর্মসূত্রে পুরুলিয়ায় গিয়েছিলেন সঞ্জীব নায়েক। দুর্গাপুরের বাড়ি থেকে পালসার মোটরসাইকেল নিয়ে প্রথমে আসানসোলে পৌঁছন তিনি। এরপর বাইকটি আসানসোলে রেখে ট্রেনে করে পুরুলিয়ায় যান। কাজ শেষ করে রাতে আসানসোলে ফিরে নিজের মোটরসাইকেল নিয়ে দুর্গাপুরের উদ্দেশ্যে রওনা দেন। অভিযোগ, রাত প্রায় ৯টা নাগাদ পাঞ্জাবি মোড় সংলগ্ন ১৯ নম্বর জাতীয় সড়কে পৌঁছতেই একটি মোটরসাইকেলে করে আসা তিন যুবক তাঁর পথ আটকায়। তিনজনেরই মুখ কাপড়ে ঢাকা ছিল বলে অভিযোগ। কিছু বুঝে ওঠার আগেই আগ্নেয়াস্ত্র বের করে তাঁর মাথায় রিভলভার ঠেকিয়ে ভয় দেখানো হয়। প্রাণভয়ে কোনওরকম প্রতিরোধ করতে পারেননি সঞ্জীব। এরপর তাঁর পালসার মোটরসাইকেলটি ছিনিয়ে নিয়ে দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যায় দুষ্কৃতীরা। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে পুলিশ।

শুধু বোর্ডেই আটকে রাস্তার কাজ, একই ভোগান্তি!

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: উন্নয়নের স্বার্থে প্রশাসনের উদ্যোগে রাস্তার কাজের বোর্ড লাগানো হলেও বাস্তবে কাজের নাম গন্ধও নেই। এর জেরে বেহাল রাস্তার কারণে প্রতিদিন চরম ভোগান্তির শিকার হচ্ছেন সাধারণ মানুষ। রবিবার খণ্ডঘোষ থানার অন্তর্গত উলকুণ্ডা সাকারী ২ নম্বর অঞ্চলে এমনটাই এক উদ্বেগজনক চিত্র সামনে এসেছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, জেলা পরিষদের অনুমতিতে ওই এলাকায় একটি নতুন রাস্তা নির্মাণের কথা ঘোষণা করে একটি সাইনবোর্ড লাগানো হয়েছে। বোর্ড লাগানোর দীর্ঘদিন কেটে গেলেও বাস্তবে আজও মাটি বা ইঁটের একটি টুকরোও ফেলা হয়নি, শুরু হয়নি রাস্তা তৈরির কোনও প্রাথমিক কাজও। বেহাল ও খানাখন্দে ভরা এই রাস্তা দিয়েই প্রতিদিন ঝুঁকি নিয়ে যাতায়াত করতে বাধ্য হচ্ছেন পথচারী ও সাইকেল-মোটরসাইকেল চালকরা। এই বঞ্চনার প্রতিবাদে এবং দ্রুত কাজের দাবিতে ইতিমধ্যেই জেলা পরিষদ অফিসে লিখিতভাবে অভিযোগ জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। এলাকাবাসীর একটাই প্রশ্ন বোর্ড তো টাঙানো হলো, কিন্তু রাস্তার প্রকৃত কাজ কবে শুরু হবে? সাধারণ মানুষের এই নিত্যদিনের কষ্ট দূর করতে দ্রুত জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট দপ্তর কী পদক্ষেপ নেয়, এখন সেটাই দেখার অপেক্ষায় এলাকাবাসী।

দুর্গাপুরে বেঙ্গল প্রিমিয়ার ক্যারাটে চ্যাম্পিয়নশিপ

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: দুর্গাপুরের সিধু কানু ইনডোর স্টেডিয়ামে একদিনের বেঙ্গল প্রিমিয়ার ক্যারাটে চ্যাম্পিয়নশিপ ২০২৬-এর সূচনা হল। দুর্গাপুর ক্যারাটে একাডেমির উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতাকে ঘিরে ক্রীড়াপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। এই চ্যাম্পিয়নশিপের মূল লক্ষ্য দুর্গাপুরে ক্যারাটে-সহ বিভিন্ন ক্রীড়াক্ষেত্রে নতুন উদ্যম তৈরি করা এবং আগামী দিনে প্রতিভাবান খেলোয়াড়দের জন্য আরও বেশি সুযোগ ও উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা। আয়োজকদের দাবি, এই প্রতিযোগিতা সেই লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। চ্যাম্পিয়নশিপের আয়োজক সমীর কুমার মণ্ডল। প্রাক্তন সেনাকর্মী ও প্রাক্তন এনএসজি সদস্য সমীরবাবু ষষ্ঠ ড্যান ব্ল্যাক বেল্টধারী। তাঁর উদ্যোগেই এই বড় মাপের ক্যারাটে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় পশ্চিমবঙ্গের মোট ১৬টি জেলা অংশগ্রহণ করেছে। অনূর্ধ্ব ৬ বছর থেকে ১৮ বছর বয়সি প্রতিযোগীদের জন্য দুটি বিভাগে মোট ৬৬টি ক্যাটাগরি রাখা হয়েছে। পাশাপাশি চাকরিজীবী-সহ ৮০ বছর বয়স পর্যন্ত পুরুষ ও মহিলা প্রতিযোগীরাও বিভিন্ন বিভাগে অংশগ্রহণ করেছেন। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়া খেলোয়াড়দের পরবর্তী পর্যায়ে জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ করে দেওয়ার উদ্যোগ নেওয়া হবে। ফলে এই প্রতিযোগিতা শুধু জয়-পরাজয়ের লড়াই নয়, বরং ভবিষ্যতের প্রতিভাবান ক্যারাটে খেলোয়াড়দের জাতীয় মঞ্চে তুলে ধরার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশাবাদী উদ্যোক্তারা। চ্যাম্পিয়নশিপে উপস্থিত ছিলেন ন্যাশনাল ইন্ডিয়া ক্যারাটে ফেডারেশনের প্রেসিডেন্ট হানশী ভারত শর্মা-সহ বিশিষ্ট ব্যক্তিরা। তাঁর উপস্থিতি প্রতিযোগিতার গুরুত্ব আরও বাড়িয়ে দিয়েছে বলে মনে করছেন উদ্যোক্তারা।

আমলাশোল থেকে বদলের বার্তা

মানব সিংলার নেতৃত্বে জঙ্গলমহলে পুলিশের নতুন পরিচয়, আস্থা বৃদ্ধি

নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম: একটা খাটিয়া, চারপাশে ঝুম বৃষ্টি, দূরে ঘন জঙ্গল আর পাহাড়। পাশেই ঝাড়খণ্ডের সীমান্ত। এমন পরিবেশে সন্ধ্যা গড়িয়ে রাত নামার মুখে এলাকার মানুষের সঙ্গে বসে তাঁদের কথা শুনছেন ঝাড়গ্রামের পুলিশ সুপার মানব সিংলা (আইপিএস)। কোনও আনুষ্ঠানিক সভা নয়, নেই মঞ্চ বা মাইক্রোফোন। একেবারে সাধারণ মানুষের পাশে বসেই তাঁদের সমস্যা জানতে চাইলেন তিনি। আর সেখানেই সামনে এল এলাকার পড়ুয়াদের ভবিষ্যৎ নিয়ে একটি গুরুত্বপূর্ণ দাবি। আমলাশোলের বাসিন্দাদের দাবি, স্কুলের সময় শেষ হওয়ার পর শিশুদের পড়াশোনার জন্য এলাকায় একটি পঠন-পাঠন কেন্দ্র প্রয়োজন। মানুষের মুখ থেকে সেই দাবি শোনার পরই দ্রুত ব্যবস্থা নেওয়ার উদ্যোগ নেন পুলিশ সুপার। প্রত্যন্ত এলাকার পড়ুয়াদের পড়াশোনার সুযোগ তৈরি করতে সেখানে পঠন-পাঠন কেন্দ্র চালুর ব্যবস্থা করার নির্দেশ দেন তিনি। আমলাশোলের এই ঘটনাকে শুধু একটি স্থানীয় সমস্যা সমাধানের উদ্যোগ হিসেবে দেখলে ছবিটা অসম্পূর্ণ থেকে যাবে। কারণ, যে এলাকায় এই ঘটনা, সেই সীমান্তবর্তী জঙ্গল-পাহাড় একসময় মাওবাদী আতঙ্কের অন্যতম পরিচিত অঞ্চল ছিল। এখনও সীমান্তবর্তী জঙ্গল এলাকায় মাওবাদী গতিবিধি নিয়ে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার ইনপুট রয়েছে বলে জানা যায়। কিন্তু সময়ের সঙ্গে বদলেছে পরিস্থিতি। পুলিশের সঙ্গে স্থানীয় মানুষের সম্পর্ক ও আস্থা এখন অনেকটাই দৃঢ়। ফলে বিচ্ছিন্নতাবাদী শক্তিকে আশ্রয় দেওয়ার মতো পরিস্থিতি তৈরি হয়নি বলেই মনে করছে প্রশাসন। এই পরিবর্তনের পিছনে রয়েছে দীর্ঘদিনের নানা উদ্যোগ। মাওবাদী পর্বে জঙ্গলমহলের প্রত্যন্ত এলাকায় আতঙ্ক ছিল নিত্যসঙ্গী। ২০০৬ সালে বর্তমান পুলিশ কমিশনার অজয় নন্দার উদ্যোগে 'সংকল্প' শিক্ষাকেন্দ্র শুরু করার সময় মাওবাদীদের ল্যান্ডমাইন বিস্ফোরণের ঘটনাও ঘটেছিল। সেই কঠিন সময়ের শিক্ষার উদ্যোগ আজ নতুনভাবে আরও প্রত্যন্ত এলাকায় পৌঁছে দেওয়ার চেষ্টা চলছে। ঝাড়গ্রামের পুলিশ সুপার মানব সিংলার কাজের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হয়ে উঠেছে পুলিশের সঙ্গে সাধারণ মানুষের দূরত্ব কমানো। সাঁকরাইলের বন্যাকবলিত এলাকায় জেলাশাসক ডা. আকাঙ্খা ভাস্করের সঙ্গে গিয়ে মাটিতে বসে মানুষের অভিযোগ শোনা থেকে শুরু করে পর্যটকদের নিরাপত্তা ও সহায়তা বিভিন্ন ক্ষেত্রে মানুষের কাছে সরাসরি পৌঁছে যাওয়ার চেষ্টা করেছে জেলা পুলিশ। মাওবাদী পরবর্তী সময়ে

জঙ্গলমহলের সামনে নতুন ধরনের চ্যালেঞ্জ তৈরি হয়। বেআইনি বালি কারবার, মাদক ব্যবসা, জমির বেআইনি কারবারের মতো নানা অপরাধে যুবসমাজের একাংশকে ব্যবহার করার অভিযোগ সামনে আসে। সেই জায়গায় শুধু অপরাধ দমন নয়, যুবকদের বিকল্প ভবিষ্যৎ তৈরির উপরও জোর দেওয়া হয়েছে। ঝাড়গ্রাম জেলা পুলিশ ক্যাম্পাসে শিক্ষিত ছেলেমেয়েদের প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য শুরু হয়েছে 'লক্ষ্যভেদ' কর্মসূচি। এএসপি, ডিএসপি, আইসি-সহ পুলিশ আধিকারিকরা সেখানে ক্লাস নিচ্ছেন। পুলিশ সুপার মানব সিংলাও নিজে ক্লাস নেন। জেলার বিভিন্ন থানার অধীনেও একই ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। শিশুদের পড়াশোনার সঙ্গে যুক্ত রাখতে শিক্ষিত সিভিক ভলান্টিয়ারদের মাধ্যমে প্রত্যন্ত এলাকায় শুরু হয়েছে 'দিশা' কোচিং সেন্টার। থানার আইসিরাও সেখানে গিয়ে ক্লাস নিচ্ছেন। পাশাপাশি খেলাধুলা ও বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে যুবকদের যুক্ত রাখতে 'সিভিক অ্যাকশন' কর্মসূচির মাধ্যমে নানা ধরনের সহায়তা দেওয়া হচ্ছে। লক্ষ্য, শিশু-কিশোর ও যুবসমাজকে নেশা এবং অসামাজিক কার্যকলাপ থেকে দূরে রেখে ইতিবাচক পথে এগিয়ে দেওয়া। তবে মানুষের পাশে থাকার এই মানবিক উদ্যোগের পাশাপাশি অপরাধের বিরুদ্ধে কঠোর অবস্থানও নিয়েছে জেলা পুলিশ। মাদক কারবারের বিরুদ্ধে ধারাবাহিক অভিযান, বেআইনি বালি কারবার রুখতে এএসপি পদমর্যাদার আধিকারিকদের নেতৃত্বে দিন-রাত নজরদারি ও সারপ্রাইজ অপারেশন এবং বেআইনি জমি কারবারের বিরুদ্ধে পদক্ষেপ, সব ক্ষেত্রেই কঠোর অবস্থান নেওয়া হয়েছে। পুলিশের দাবি, বেআইনি বালি কারবার অনেকটাই নিয়ন্ত্রণে এসেছে। এর ফলে সরকারি রাজস্ব আদায়েও ইতিবাচক প্রভাব পড়েছে। মাদক, বালি ও জমির বেআইনি কারবারের বিরুদ্ধে ধারাবাহিক অভিযানের ফলে ঝাড়গ্রাম শহর থেকে জেলার প্রত্যন্ত এলাকা পর্যন্ত অপরাধ ও লুম্পেনিজম নিয়ন্ত্রণে এসেছে বলেও দাবি প্রশাসনের। সব মিলিয়ে মানব সিংলার নেতৃত্বে ঝাড়গ্রাম জেলা পুলিশের কাজের ধরন এখন শুধু আইনশৃঙ্খলা রক্ষার মধ্যে সীমাবদ্ধ নেই। শিক্ষা, যুবসমাজ, খেলাধুলা, সামাজিক কর্মকাণ্ড এবং সাধারণ মানুষের সমস্যার সঙ্গে সরাসরি যুক্ত হওয়ার পাশাপাশি অপরাধের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ; সবকিছুকে একসঙ্গে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা চলছে। আর তাই আমলাশোলের সেই বৃষ্টিভেজা সন্ধ্যার ছবি আলাদা করে নজর কাড়ছে। ঝাড়খণ্ড সীমান্তের জঙ্গল-পাহাড় ঘেরা এলাকায় একটি সাধারণ খাটিয়ায় বসে পুলিশ সুপার যখন মানুষের কথা শুনছেন, তখন সেই দৃশ্য যেন জঙ্গলমহলে পুলিশের বদলে যাওয়া ভূমিকারই প্রতিচ্ছবি। একসময় যে জঙ্গলমহলে পুলিশের উপস্থিতি মানেই ছিল নিরাপত্তা অভিযান, আজ সেই জঙ্গলমহলেই পুলিশ মানুষের পাশে বসছে, তাঁদের সন্তানদের পড়াশোনার ব্যবস্থা করছে, যুবকদের ভবিষ্যৎ গড়ার সুযোগ তৈরি করছে এবং একই সঙ্গে অপরাধের বিরুদ্ধে কঠোর হাতে ব্যবস্থা নিচ্ছে। মানবিকতা ও কঠোরতার এই সমন্বয়েই জঙ্গলমহলে পুলিশের নতুন পরিচয় তৈরি হচ্ছে।